

যায়যায়দিন

তারিখ ০৬ FEB 2007

পৃষ্ঠা ১২ সংখ্যা ৫

খিয়ার ৪৪

আবু ধাবির শিক্ষা সম্মেলনে ড. ইউনুস
পাঠ্যবইতে ডুবে থাকলে
চলবে না, দারিদ্র্যমুক্তিতে
কাজ করতে হবে

যায়যায় ডেস্ক

কেবল বইয়ে ডুবে থাকলে চলবে না।
স্বপ্নের ভবিষ্যৎ গড়ার পাশাপাশি দারিদ্র্যমুক্ত
বিশ্ব প্রতিষ্ঠা করতে হবে। এ লক্ষ্যে কাজ
করতে বিশ্বের সব শিক্ষার্থীকে এগিয়ে
আমার আহ্বান জানিয়েছেন শান্তিতে
নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনুস। গতকাল
রবিবার আবু ধাবির
মিরেটস প্যালেসে ডিন

পাঠ্যবইতে ডুবে

(শেষ পৃষ্ঠার পর)

দিনব্যাপী একুশে উইদাউট বর্ডারস
কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ
আহ্বান জানান। ইউএনবি।

বিশ্বের চ্যালেঞ্জগুলোর সমাধান বের করার
জন্য বিভিন্ন দেশের শিক্ষার্থীদের মধ্যে
মতবিনিময় এবং বিভিন্ন সংস্কৃতির মধ্যে
নেটওয়ার্ক গড়ে তোলা এ সম্মেলনের
উদ্দেশ্য। আবু ধাবির হায়ার কলেজ অফ
টেকনোলজি এ কনফারেন্সের আয়োজন
করে। ২০০১ সাল থেকে শুরু হওয়া এই
আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন দুই বছর
পরপর অনুষ্ঠিত হয়। এবারের সম্মেলনে
বিশ্বের ১০০টিরও বেশি দেশের শিক্ষার্থীরা
অংশ নিচ্ছে।

ড. ইউনুস শিক্ষার্থীদের উদ্দেশে বলেন,
জোয়ার মন যা চায় তাই কর, বিশ্বকে
পাস্টে দাও। কেবল পাঠ্যবইতে সীমাবদ্ধ
থেকে না। তিনি শিক্ষার্থীদের স্বপ্নের
ভবিষ্যৎ গড়ার জন্য কঠোর পরিশ্রম করার
উপদেশ দেন। তিনি বলেন, তরুণরাই
বিশ্বের নির্মাতা।

গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা বিশ্ব দারিদ্র্যের
জন্য বিভিন্ন সংস্থা ও ভুল নীতিকে দায়ী
করে বলেন, আমরাই দারিদ্র্য সৃষ্টি করেছি।
তাই বিশ্বকে আবার নতুন করে সাজাতে
হবে। তার মতে, দরিদ্র জনগোষ্ঠী হচ্ছে
বনসাই পাছের মতো। বৈষম্যমূলক নীতির
कारणे তারা তাদের শক্তি কাজে লাগানোর
সুযোগ পায় না।

ইউএইর উচ্চ শিক্ষামন্ত্রী নাহয়ান মুবারাক
আল নাহয়ান, নোবেল বিজয়ী ড. রিতা
লেভি মন্টালমিনি ও প্রফেসর জে জর্জ
বেডনর্ক এবং ওমানের বাণিজ্য ও শিল্পমন্ত্রী
মাকবুল বিন আলী সুলতানও অনুষ্ঠানে
বক্তৃতা করেন।